৮/৮/২০০৩

তারিখ ...............
পৃষ্ঠা ৬ কলাম ৪

[illegible]

দৈনিক ইনকিলাব

# ৫ দফা কার্যকর না হলে ছাত্রলীগ চঃবিঃ প্রশাসনকে সহযোগিতা করবে না

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ছাত্রশিবিরের পাল্টা হিসেবে ছাত্রলীগ ৫ দফা দাবী উত্থাপন করে জানিয়েছে, এসব দাবী বাস্তবায়ন না করলে প্রশাসনকে ছাত্রলীগ কোন সহযোগিতা করবে না। গতকাল (মঙ্গলবার) এক সাংবাদিক সম্মেলনে তারা একথা জানায়। এদিকে ক্যাম্পাসে রাজনৈতিক তৎপরতা নিষিদ্ধ থাকা সত্ত্বেও সাংবাদিক সম্মেলনের নামে ছাত্রলীগের রাজনৈতিক তৎপরতায় শিবির প্রতিবাদ জানিয়েছে। অন্যদিকে ছাত্রলীগের অসহযোগিতা সত্ত্বেও পরিবেশ পরিষদের কার্যক্রম পুরোদমে এগিয়ে চলছে। পরিষদ আজ (বুধবার) ছাত্রদলসহ অপরাপর সংগঠনগুলোর সাথে বৈঠকের কর্মসূচী দিয়েছে বলে জানা গেছে।

গতকাল চঃবিঃ সাংবাদিক সমিতির কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে ছাত্রলীগ নেতারা অভিযোগ করেছে, ছাত্রশিবির সহিংসতার মাধ্যমে ক্যাম্পাসে বিভীষিকা সৃষ্টির চেষ্টা করছে। তারা আলাওল, এফ রহমান ও সোহরাওয়ার্দী হলে সন্ত্রাসীদের জড়ো করেছে এবং প্রগতিশীল ছাত্র সংগঠনগুলোর ওপর সশস্ত্রভাবে ঝাঁপিয়ে পড়ার নীলনকশা করছে। শিবিরের কথামত পরিবেশ পরিষদ গঠিত হয়েছে বলেও অভিযোগ করেছে ছাত্রলীগ নেতারা। একারণে তারা পরিবেশ পরিষদকে বিতর্কিত বলে মন্তব্য করেছে। ছাত্রলীগ আলাওল, এফ রহমান ও সোহরাওয়ার্দী হল থেকে সন্ত্রাসীদের গ্রেফতার ও অবৈধ অস্ত্র উদ্ধার, ছাত্রলীগ নেতা-কর্মীদের হলে উঠানো, পরিবেশ পরিষদ পুনর্গঠন ও তাতে ছাত্র প্রতিনিধি রাখা, অতীতের সকল হত্যাকাণ্ডের বিচারসহ ৫ দফা দাবী উত্থাপন করেছে।

এদিকে ক্যাম্পাসে সাংবাদিক সম্মেলন করে প্রতিপক্ষের বিরুদ্ধে বিষোদগার করা হচ্ছে বলে অভিযোগ করে ছাত্রশিবির বলেছে, এটা কর্তৃপক্ষের নিষেধাজ্ঞার লংঘন। এখন থেকে ছাত্রশিবিরও ক্যাম্পাসে সাংবাদিক সম্মেলন করবে। গতকাল ছাত্রলীগের সাংবাদিক সম্মেলনের পর শিবির সেক্রেটারী দিদারুল আলম মজুমদার ইনকিলাবকে একথা জানান।